**January 13, 2026**

The Corporate Relationship Department
BSE Limited,
P.J. Towers, Dalal Street,
Mumbai- 400001
**Scrip Code: 500089**

The Calcutta Stock Exchange Ltd.
71 Lyons Range,
Kolkata- 700001
**Scrip Code: 10013217**

National Stock Exchange of India Limited,
Exchange Plaza, 5th Floor, Plot No. C/1, G Block,
Bandra Kurla Complex,
Bandra (E), Mumbai – 400051
**NSE Symbol: DICIND**

**Subject: Newspaper Advertisement- Notice of Postal Ballot..**

**Ref: Regulation 30 & 47 of SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015.**

Dear Madam/ Sir,

In furtherance to our communication dated January 12, 2026, with regard to notice of postal ballot of the Company and in compliance with Regulations 30 and 47 of the SEBI (LODR) Regulations, 2015, please find enclosed copies of the newspaper advertisements published today i.e. January 13, 2026, in Business Standard, (English Language ) and Aajkal (Regional Language), confirming dispatch of notice of postal ballot and providing other information, pursuant to the provisions of sections 108 and 110 of the Companies Act, 2013 and the rules made thereunder.

The above information is also available on the website of the Company www.dic.co.in

You are requested to take the same on your records.

This is for your kind information and records.

**For and on behalf of:**
**DIC India Limited**

Meghna Saini
Digitally signed by Meghna Saini
Date: 2026.01.13 13:43:40 +05'30'

**Meghna Saini**
**Company Secretary & Compliance Officer**
**Membership No.: A-42587**

**DIC INDIA LIMITED**
Fusion square, 5th Floor, Plot no. 5A & 5B, Sector-126, Noida – 201303
Tel: +91-120-6361414 I Fax: +91-120-6361443
GSTIN: 09AABCC0703C1ZF
CIN No. L24223WB1947PLC015202
Website: www.dic.co.in I Email id: investors@dic.co.in
*Registered office: UB 03, Mani Tower, 31/41, Binova Bhave Road, Behala, Kolkata-700038*

## টাউন ক্লাবে বিবেক–স্মরণ

টাউন ক্লাবের ইতিহাসের সঙ্গে জড়িয়ে আছেন স্বামী বিবেকানন্দ। সেই টাউন ক্লাবে মঙ্গলবার বিকেলে বিবেকানন্দের জন্মদিবস পালিত হল। উপস্থিত ছিলেন সিএবি সচিব বাবলু কোলে, প্রাক্তন ক্রিকেটার অভীক মিত্র, মদন ঘোষ, ফুটবল কোচ তপন জ্যোতি মিত্র প্রমুখ।

# খেলতে রাজি ওড়িশা, এএফসি–কে চিঠি ফেডারেশনের

আজকালের প্রতিবেদন

অবশেষে আইএসএল খেলার জন্য সম্মতি দিল ওড়িশা এফসি। কেন্দ্রীয় ক্রীড়ামন্ত্রীর বার্তার পরেও এমন পরিস্থিতি তৈরি হয়, যাতে ওড়িশার খেলা নিয়ে তৈরি হয়েছিল বড় অনিশ্চয়তা। কারণ তারা পার্টিসিপেশন ফি–এর ১ কোটি টাকা দিতে রাজি ছিল না। নিজেদের চূড়ান্ত সিদ্ধান্ত জানানোর জন্য সোমবার পর্যন্ত সময় চেয়েছিল ওড়িশা। এদিন তারা জানিয়ে দেয় আইএসএল খেলবে।

ওড়িশা এফসির এই চিঠি পাওয়ার পর স্বভাবতই স্বস্তিতে ফেডারেশন। এদিন আবার সব ক্লাবগুলোর জানানোর কথা ছিল, কোন মাঠকে হোম গ্রাউন্ড করবে তারা। সূত্রের খবর অনুযায়ী ইস্টবেঙ্গল, মোহনবাগান নিজেদের প্রধান হোমগ্রাউন্ড হিসেবে চেয়েছে যুবভারতীকে। তবে আইএসএলের শুরুর দিকে যুবভারতীতে ক'টি হোম ম্যাচ দুই প্রধান খেলতে পারবে সেই নিয়ে প্রশ্ন থেকেই যাচ্ছে। তাই বিকল্প হিসেবে ইস্টবেঙ্গল নাম দিয়ে রেখেছে কিশোর ভারতী ক্রীড়াঙ্গন এবং ইস্টবেঙ্গল মাঠের। মোহনবাগান যদিও আশাবাদী যুবভারতীতেই তারা ম্যাচ খেলবে। বিকল্প হিসেবে তাদেরও ভাবনায় কিশোর ভারতী এবং নিজেদের ক্লাবের মাঠ। মহমেডান স্পোর্টিং আপাতত কিশোর ভারতী স্টেডিয়ামের কথা বললেও, তাদের ভাবনায় রয়েছে বারাসত স্টেডিয়ামও। তবে সোমবার রাতের দিকের খবর অনুযায়ী এখনও কয়েকটি ক্লাব নিজেদের হোম ভেন্যু চূড়ান্ত করেনি। কয়েকটি ক্লাব আবার চাইছে ফেডারেশন তাদের রাজ্যের সরকারের সঙ্গে কথা বলে বিনামূল্যে স্টেডিয়াম পাওয়ার ব্যবস্থা করুক। ফেডারেশন কর্তারা আশাবাদী আগামী দিন দুয়েকের মধ্যে সব ক্লাব চূড়ান্ত করবে তাদের হোম ভেন্যু। চলতি সপ্তাহের মধ্যে প্রত্যেক ক্লাবের সঙ্গে বৈঠক করে আইএসএলের সূচি চূড়ান্ত করে ফেলতে চাইছে ফেডারেশন।

শনিবার ফেডারেশনের পক্ষ থেকে ক্লাবগুলোকে একটা টাইমলাইন পাঠানো হয়েছিল। যে কোন দিনের মধ্যে আইএসএল আয়োজনের জন্য প্রয়োজনীয় কোন কাজটা তারা করবে। সেটা মেনেই সোমবার এএফসির কাছে গুরুত্বপূর্ণ চিঠি দিল ফেডারেশন। চলতি বছর ভারতীয় ফুটবলের বিশেষ পরিস্থিতির কথা চিন্তা করে যাতে এএফসি দেশের শীর্ষ লিগ খেলা প্রত্যেক ক্লাবের প্রয়োজনীয় ম্যাচের সংখ্যায় ছাড় দেয়। যাতে আইএসএল চ্যাম্পিয়নদের এএফসি প্রতিযোগিতায় খেলতে অসুবিধা না হয়। প্রসঙ্গত আগেই একবার ফেডারেশন কর্তারা মৌখিকভাবে এই নিয়ে কথা বলেছিলেন এএফসি কর্তাদের সঙ্গে। এখন দেখার এএফসি–র পক্ষ থেকে এবার আইএসএলের ম্যাচের সংখ্যায় প্রয়োজনীয় ছাড় দেওয়া হয় কিনা।

## ম্যাঞ্চেস্টার ইউনাইটেডের বিদায়

কোচ আসছে, কোচ যাচ্ছে। কিন্তু ম্যাঞ্চেস্টার ইউনাইটেড যে তিমিরে, সেই তিমিরেই থাকছে। এফএ কাপের তৃতীয় রাউন্ড থেকেই বিদায় নিল লাল ম্যাঞ্চেস্টার। ব্রাইটনের কাছে ১–২ ব্যবধানে হারেন ব্রুনো ফার্নান্ডেজরা। ১২ মিনিটে ব্রায়ান গ্রুদা ও ৬৪ মিনিটে ড্যানি ওয়েলবেকের গোলে ম্যাচে দখল নেয় ব্রাইটন। ৮৫ মিনিটে বেঞ্জামিন সেসকোর গোলে ব্যবধান কমলেও হার বাঁচাতে পারেনি ম্যান ইউ। অন্য ম্যাচে, পোর্টসমাউথকে ৪–১ ব্যবধানে হারিয়েছে আর্সেনাল। হ্যাটট্রিক করেন গ্যাব্রিয়েল মার্টিনেলি।


**BEFORE THE DEBTS RECOVERY TRIBUNAL, RANCHI**
5th Floor, Pragati Sadan (RRDA Building), Kutchery Chowk, Ranchi-834001

**O.A. No. 541 of 2025**

BANK OF INDIA, CLUB SIDE BR., RANCHI ... Applicant Bank
Vs
M/S BHAGWATI VINTRADE PVT. LTD. & ORS ... Defendants

SUMMONS ISSUED UNDER RULE 23 (VIII) OF THE DEBTS RECOVERY TRIBUNAL (PROCEDURE) RULES, 1993

| S.N. | DEFENDANTS | ADDRESS |
|---|---|---|
| 01 | M/S BHAGWATI VINTRADE PVT. LTD. | AT- NEAR PARWATI CEMENT, SANDI, P.O.- BHARECH NAGAR, DIST.-RAMGARH 829117 ALSO AT- DIAMOND ARCADE, 68, JESSORE ROAD, 2ND FLOOR, UNIT 207, KOLKATA, WEST BENGAL 700055 |
| 02 | SANDIP KUMAR GEOL S/O LATE GHISA LAL GEOL | R/O- DIAMOND ARCADE, 68, JESSORE ROAD, 2ND FLOOR, UNIT 207, KOLKATA, WEST BENGAL 700055 ALSO AT R/O- D/501, HARIOM TOWER, LALPUR, RANCHI 834001 |
| 03 | RITESH KUMAR BINJRAJKA S/O SHANKAR KUMAR BINJRAJKA | R/O- DIAMOND ARCADE, 68, JESSORE ROAD, 2ND FLOOR, UNIT 207, KOLKATA, WEST BENGAL 700055 ALSO AT R/O- ESTATE SQUARE, KOKAR, RANCHI 834001 |
| 04 | MADHU AGARWAL W/O LATE MANOJ KUMAR AGARWAL | R/O JAISWAL COLONY, RAMGARH CANTT., RAMGARH 829122 |
| 05 | AKARSH RAJ AGARWAL S/O LATE MANOJ KUMAR AGARWAL | |
| 06 | M/S DELIGHT INVESTMENT CONSULTANTS PVT. LTD. | AT- MANJUSHREE APARTMENT, FLAT NO. 202, 2ND FLOOR, 24/G, SURAH 3RD LANE, KOLKATA, WEST BENGAL 700011 |
| 07 | M/S GEOL AUTO SERVICES PVT. LTD. | AT- DIAMOND ARCADE, 68, JESSORE ROAD, 2ND FLOOR, UNIT 207, KOLKATA, WEST BENGAL 700055 |
| 08 | M/S PEEKAY HOMES PVT. LTD. | AT- 27/B, SAHITYA PARISHAD STREET, KOLKATA, WEST BENGAL 700006 |
| 09 | M/S LAKSHMI BEALMARK PVT. LTD. DIRECTOR: RITESH KUMAR BINJRAJKA | AT- DIAMOND ARCADE, 68, JESSORE ROAD, 2ND FLOOR, UNIT 207, KOLKATA, WEST BENGAL 700055 |

Whereas, the Applicant has instituted an Application u/s 19 of the Recovery of Debts Due to Banks and Financial Institutions Act 1993 against the Defendants for Recovery of sum of **Rs. 23,84,49,643.83/- (Rupees Twenty Three Crore Eighty Four Lakhs Forty Nine Thousand Six Hundred Forty Three and Paise Eighty Three Only) together with current and future interest, cost for other eliefs**. The above mentioned Defendants is/are therefore directed to appear before the **Registrar** in on **18th day of Feb, 2026 at 10.30 A.M.** as to why the reliefs prayed for should not be granted and to file show – cause in the matter. The notice that in case of default, the application will be heard and determined in your absence.

Given under my hand and seal of this Tribunal on this the **24th day of Dec, 2025.**

**Registrar**


## সামনে মহিলা এশিয়ান কাপ অভিযান, দলে সঙ্গীতা-রিম্পারা

# ক্রিসপিনের স্বপ্নে বিশ্বকাপ



সায়ন গুপ্ত

প্রায় দু'মাস এখনও বাকি। এর মধ্যে দলকে তৈরি করার ব্লুপ্রিন্ট সাজিয়ে ফেলেছেন তিনি। পরিকল্পনা অনেক। তাতে অনেকগুলো ধাপ আছে। তার মধ্যে প্রথম ধাপ শুরু হয়েছে হরিয়ানার গুরগাঁওতে। কথা হচ্ছে ভারতের মহিলা ফুটবল দলকে নিয়ে। আর যিনি পরিকল্পনা সাজাচ্ছেন, তিনি কোচ ক্রিসপিন ছেত্রি। অস্ট্রেলিয়ায় হতে চলা মহিলাদের এশিয়ান কাপে ৪ মার্চ অভিযান শুরু করবে ভারত। সেই লক্ষ্যে সোমবার গুরগাঁওয়ে জাতীয় শিবির শুরু হল। সেখান থেকেই ফোনে কথা বললেন বাঙালি প্রশিক্ষক। স্বপ্ন আকাশ ছোঁয়ার। বিশ্বকাপে খেলার। এদিন রাতে অন্টালিয়ায় সফরকারী ভারতীয় দল ঘোষিত হল। তাতে সঙ্গীতা বাসফোর, রিম্পা হালদার–সহ ৫ জন বাঙালি আছেন।

**আগামীর ভাবনা:** ১৫ জানুয়ারি অন্টালিয়ার উদ্দেশে আমরা রওনা দেব। সেখানে ১৮-২৪ জানুয়ারি দুটি সুইৎজারল্যান্ড ও একটি ইউক্রেনের ক্লাবের বিরুদ্ধে প্রস্তুতি ম্যাচ খেলব। সেখান থেকে ১০ ফেব্রুয়ারি অস্ট্রেলিয়ায় পৌঁছোব। সেখানে অন্তত দুটি প্রস্তুতি ম্যাচ খেলতে হবে। 'এ' লিগের বা অন্য কোনও দলের সঙ্গে খেলার কথা চলছে।

**দলগঠনে আইডব্লুএল:** যে দলটা নিয়ে আমরা এশিয়ান কাপের যোগ্যতা অর্জন পর্বের গণ্ডি পেরিয়েছিলাম, মোটামুটি সেই দলটাকেই ধরে রাখা হয়েছে। তাতে ইস্টবেঙ্গলের ফুটবলারদের আধিক্য রয়েছে। তারা গত কয়েকমাস ধরে প্রতিদ্বন্দ্বিতামূলক ম্যাচ খেলছে। ২৯ জনের দলে বাংলার সুস্মিতা লেপচার মতো কয়েকজন নতুন মুখ আছে। তাদের ইন্ডিয়ান উওমেন্স লিগের (আইডব্লুএল) পারফরমেন্সের ভিত্তিতে নেওয়া হয়েছে। যদিও ২৬ জনকে নিয়ে আমরা তুরস্কে যাচ্ছি। সৌম্যা গুগুলোথ, সুইটি দেবী ছাড়াও আরও একজনের চোট রয়েছে। ফিট হতে সময় লাগবে।

**দীর্ঘ শিবির:** অক্টোবর মাসে শেষ আন্তর্জাতিক ম্যাচ খেলেছি। সেই ম্যাচ খেলার সুযোগ এসেছিল ৫ মাস পর। এতদিন অন্তর ম্যাচ খেললে দলের বোঝাপড়া তৈরিতে সমস্যা হয়। বিদেশে দীর্ঘ শিবির হলে সেখানকার শক্তিশালী দলের বিরুদ্ধে নিজেদের যাচাই করার সুযোগ থাকবে।

**এশিয়ান কাপ ও প্রত্যাশা:** এশিয়ান কাপ থেকেই বিশ্বকাপে খেলার ছাড়পত্র পাওয়ার ব্যাপারে আমি আত্মবিশ্বাসী।

**সম্ভাব্য পথ:** গ্রুপ পর্ব টপকালেই ২০২৭ বিশ্বকাপে সরাসরি খেলার সুযোগ পাওয়া যাবে। গ্রুপে থাকা জাপান এইমুহূর্তে বিশ্বের অন্যতম সেরা দল। ভিয়েতনাম ও চাইনিজ তাইপে র‍্যাঙ্কিংয়ে আমাদের থেকে এগিয়ে থাকলেও ওদের হারানো সম্ভব। এই বিশ্বাসটা আমার সঙ্গে দলের স্টাফ ও ফুটবলারদের থাকতে হবে। এই বিশ্বাস তৈরির কাজই আমার কাছে অন্যতম বড় চ্যালেঞ্জ।






## বর্ধমানের ড্র

টানা চার ম্যাচ জেতার পর আটকে গেল বর্ধমান ব্লাস্টার্স। সোমবার বেঙ্গল সুপার লিগে বোলপুর স্টেডিয়ামে নর্থ ২৪ পরগনাজের সঙ্গে গোলশূন্য ড্র করল তারা। ফলে পয়েন্ট টেবিলও অপরিবর্তীত রইল। ১০ ম্যাচে ১৫ পয়েন্ট নিয়ে চতুর্থ স্থানে নর্থ ২৪ পরগনাজ। পাঁচে বর্ধমান (১৪)। অন্যদিকে, মঙ্গলবার বোলপুর স্টেডিয়ামেই দুপুর ১টায় কোপা টাইগার্স বীরভূমের মুখোমুখি হবে সুন্দরবন বেঙ্গল অটো এফসি। জিতলে দ্বিতীয় স্থানে উঠে আসবে সুন্দরবন।

## ব্যর্থ বৈভব, প্রস্তুতি ম্যাচে হার ভারতের

আজকালের প্রতিবেদন

অনূর্ধ্ব ১৯ যুব বিশ্বকাপের প্রস্তুতি ম্যাচে ইংল্যান্ডের কাছে ডাকওয়ার্থ ও লুইস নিয়মে ২০ রানে হারল ভারত। ব্যর্থ বৈভব সূর্যবংশী। ইংল্যান্ডের বিরুদ্ধে মাত্র ১ রান করে আউট। তা সত্ত্বেও বড় রান তুলেছিল ভারত। নির্ধারিত ৫০ ওভারে ২৯৫/৮। সর্বোচ্চ রান ব্যাটার–উইকেটকিপার অভিজ্ঞান কুণ্ডুর ৯৯ বলে ৮২। বৈভব রান না পেলেও অন্য ওপেনার অধিনায়ক আয়ুশ মাত্রে এক রানের জন্য হাফসেঞ্চুরি হাতছাড়া করেন। ৪০ বলে ৪৯ রানে আউট। আর রান পান আরএস অম্বরীশ (৬১ বলে ৪৮) ও কনিষ্ক চৌহান (৩৬ বলে অপরাজিত ৪৫)। জয়ের জন্য ২৯৬ রানের লক্ষ্য নিয়ে ব্যাট করতে নেমে ইংল্যান্ড ৩৪.৩ ওভারে ১৯৬/৩ তোলার পর বৃষ্টি নামে। আর খেলা শুরু হয়নি। সেই সময় জয়ের জন্য ডাকওয়ার্থ ও লুইস নিয়মে ইংল্যান্ডের প্রয়োজন ছিল ১৭৭। ফলে ২০ রানে জিতে যায় তারা। অধিনায়ক টমাস রিউ ৬৬ বলে ৭১ ও ক্যালেব ফ্যালকোনার ৪৩ বলে ২৯ রানে অপরাজিত থাকেন।

## সেমিতে কর্ণাটক ও সৌরাষ্ট্র

আজকালের প্রতিবেদন

বিজয় হাজারে ট্রফির সেমিফাইনালে কর্ণাটক ও সৌরাষ্ট্র। কোয়ার্টার ফাইনালে কর্ণাটক হারিয়েছে মুম্বইকে। সৌরাষ্ট্র হারিয়েছে উত্তরপ্রদেশকে। বেঙ্গালুরুতে দুটি ম্যাচই বৃষ্টিবিঘ্নিত। দুটি ম্যাচই ভিজেডি (ভি জয়দেবন সিস্টেম) নিয়মে ফয়সালা হয়।

কর্ণাটকের বিরুদ্ধে ৫০ ওভারে ২৫৪/৮ তোলে মুম্বই। শামস মুলানি ৮৬, অধিনায়ক সিদ্ধেশ লাড ৩৮। জয়ের জন্য ২৫৫ রানের লক্ষ্য নিয়ে ব্যাট করতে নেমে কর্ণাটক ৩৩ ওভারে ১৮৭/১ তোলার পর বৃষ্টি নামে। আর খেলা হয়নি। ভিজেডি পদ্ধতিতে (লক্ষ্য দাঁড়ায় ১৩৩) কর্ণাটক ৫৫ রানে জিতে সেমিফাইনালে পৌঁছোয়। মায়াঙ্ক আগরওয়াল ১২। দেবদত্ত পাড়িক্কল ৮১ (৯৫ বলে) ও করুণ নায়ার ৭৪ রানে (৮০ বলে) অপরাজিত। দ্বিতীয় কোয়ার্টারে সৌরাষ্ট্রর বিরুদ্ধে ৫০ ওভারে ৩১০/৮ রান উত্তরপ্রদেশের। সমীর রিজভি অপরাজিত ৮৮ (৭৭)। রিঙ্কু সিং ১৩। জবাবে সৌরাষ্ট্র ৪০.১ ওভারে ২৩৮/৩ তোলার পর বৃষ্টি নামে। অধিনায়ক হার্ভিক দেশাই ১০০ রানে অপরাজিত থাকেন। প্রেরক মানকড় করেন ৬৬। ভিজেডি পদ্ধতিতে (লক্ষ্য দাঁড়ায় ২২২) ১৭ রানে জেতে সৌরাষ্ট্র।



সিঙ্গুরের স্বামী বিবেকানন্দ বিদ্যামন্দিরে এক অনুষ্ঠানে চেতন শর্মা, বাইচুং ভুটিয়া, রহিম নবি।

# বিরাটের প্রশংসায় চেতন

আজকালের প্রতিবেদন

পরপর দু'বছর দুই ঘরানার বিশ্বকাপ। এই বছর টি২০, পরের বছর পঞ্চাশ ওভারের। এবারের টি২০ বিশ্বকাপ নিয়ে যত না চর্চা, তার থেকে বেশি চর্চা পরের বছরের ৫০ ওভারের বিশ্বকাপকে ঘিরে। চর্চার মূল কারণ বিরাট কোহলি। এক বছর পরেও বিরাট যে খেলবেনই, কোনও সংশয় নেই প্রাক্তন জাতীয় নির্বাচক চেতন শর্মার। বললেন, 'বিরাটকে ছাড়া সম্ভব নয়। ও দলে থাকলেই একটা জাতীয়তাবোধ তৈরি হয়। বিরাটের মতো তারকারা জন্মায় রেকর্ড গড়ার জন্যই।'

বিশ্বকাপে প্রথম হ্যাটট্রিক করা চেতন এসেছিলেন হুগলির সিঙ্গুরে। স্বামী বিবেকানন্দের জন্মদিনে তাঁরই নামাঙ্কিত স্কুল 'স্বামী বিবেকানন্দ বিদ্যামন্দির'–এর এক শোভাযাত্রায় অংশ নিলেন। ছিলেন বাইচুং ভুটিয়া, রহিম নবির মতো ফুটবলাররাও। উঠে এল বিশ্বকাপের প্রসঙ্গ। চেতনের দাবি, 'টি২০ বিশ্বকাপেই ভারত ফেভারিট। দল হিসেবে ভারত অনেক এগিয়ে। ৫০ ওভারের বিশ্বকাপেও এগিয়ে থাকবে ভারত। কারণ, বিরাট একাই ফারাক গড়ে দেবে।' কোচ গৌতম গম্ভীরেরও পাশে দাঁড়ালেন চেতন, 'গম্ভীর কোচ হিসেবে বেশ সফল। ওর হাতে দলটা নতুন করে গড়ে উঠছে।'

নয়ের দশকে এই চেতন শর্মা বাংলার হয়েও দীর্ঘদিন রনজিতে খেলেছেন। কিন্তু সেই নব্বইয়ের পর থেকেই রনজি বাংলার কাছে অধরা মাধুরী। চেতন বলছেন, 'হতাশ হওয়ার কিছু নেই। বাংলা যে কোনওদিন রনজি জিততেই পারে।'

## খেলার খুচরো

### বায়ার্নের ৮

বুন্দেশলিগায় বায়ার্ন মিউনিখের দাপট অব্যাহত। উলফ্‌সবার্গকে ৮–১ ব্যবধানে হারাল বায়ার্ন। জোড়া গোল মাইকেল ওলিসের। লুই দিয়াজ, রাফায়েল গুরেরো, হ্যারি কেন ও লিওন গোরেৎজকা একটি করে গোল করেন। দুটি গোল আত্মঘাতী। উলফ্‌সবার্গের গোলদাতা জেনান পেচিনোভিচ।

### জয়ী শ্রীলঙ্কা

পাকিস্তানের বিরুদ্ধে তৃতীয় ম্যাচ জিতে টি২০ সিরিজ ড্র করল শ্রীলঙ্কা। বৃষ্টিবিঘ্নিত ম্যাচে ১৪ রানে জয়ী ওয়ানিন্দু হাসারাঙ্গারা। শুরুতে ব্যাট করে ১২ ওভারে শ্রীলঙ্কা ১৬০/৬। জবাবে ৮ উইকেট হারিয়ে ১৪৬ রানে আটকে যায় পাকিস্তান। ম্যাচের ও সিরিজের সেরা ক্রিকেটার হাসারাঙ্গা।

### শিখরের বাগদান

আইরিশ বান্ধবী সোফি সাইনের সঙ্গে বাগদান সেরে ফেললেন প্রাক্তন ক্রিকেটার শিখর ধাওয়ান। সমাজমাধ্যমে 'গব্বর' লেখেন, 'হাসির মুহূর্ত ভাগ করা থেকে একসঙ্গে স্বপ্ন দেখা। আমাদের বাগদানের জন্য সকলের ভালবাসায় কৃতজ্ঞ।' সূত্রের খবর, ফেব্রুয়ারির তৃতীয় সপ্তাহে বিয়ে হবে।



অ্যাকাডেমির খুদে ক্রিকেটারদের সঙ্গে প্রণব রায়। ছবি: আজকাল

# বহরমপুরে পঙ্কজ রায় অ্যাকাডেমি

আজকালের প্রতিবেদন

বহরমপুরে সূচনা হল এলমেট ইন্টারন্যাশনাল স্কুলের পঙ্কজ রায় ক্রিকেট অ্যাকাডেমির। সোমবার স্বামী বিবেকানন্দের জন্মদিনে এই অ্যাকাডেমির উদ্বোধন করলেন পঙ্কজ রায়ের ছেলে, ভারতের প্রাক্তন ক্রিকেটার প্রণব রায়। পরে তিনি বলেন, 'আর পাঁচটা অ্যাকাডেমির মতো হবে না এই অ্যাকাডেমি। বাবার নামাঙ্কিত এই অ্যাকাডেমি আমি নিজেই দেখভাল করব। মাসে একবার অবশ্যই আসব বহরমপুরে।' স্কুলের চেয়ারম্যান প্রকাশ ঘোষের মন্তব্য, 'আমরা চাই এই স্কুল থেকে একজন ছেলে অথবা মেয়ে বাংলা টিমের হয়ে খেলুক। সেভাবেই আমরা অ্যাকাডেমি পরিচালনা করব।' অ্যাডভেন্ট এডুকেশনের কর্ণধার অভিষেক দে সরকার বলেছেন, 'এই স্কুলের ছেলেরা নিয়মিত ক্রিকেট খেলে। সর্বভারতীয় টুর্নামেন্টে খেলে। ফলে রাস্তাটা তৈরিই আছে। বাকিটা আমাদের তৈরি করতে হবে।'


**ICICI Bank**
ব্রাঞ্চ অফিস: আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড, রিজিওনাল প্রসেসিং সেন্টার, বিপি–৪, টেকনোপলিস বিল্ডিং, ফ্লোর নং ১৩, সেক্টর ৫, সল্ট লেক, কলকাতা, পশ্চিমবঙ্গ–৭০০০৯১

**প্রকাশ্য বিজ্ঞপ্তি – সুরক্ষিত পরিসম্পদ বিক্রির জন্য টেন্ডার তথা ই–নিলাম**

[রুল ৮(৬)–এর সংস্থানসমূহ দ্রষ্টব্য]
স্থাবর পরিসম্পদ বিক্রির জন্য বিজ্ঞপ্তি

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৮(৬)–এর সংস্থানসমূহ–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ অধীনে স্থাবর পরিসম্পদসমূহ বিক্রির জন্য ই–নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।
এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষত সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)–এর জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড–এর অনুমোদিত আধিকারিক দ্বারা বাস্তবিক দখল নেওয়া ও সুরক্ষিত ঋণদাতার কাছে বন্ধক রাখা/ দাখিলযোগ্য নিম্নবর্ণিত স্থাবর সম্পত্তি 'যেখানে যেমন আছে', 'যা কিছু আছে' এবং 'যেভাবে আছে' ভিত্তিতে বিক্রি করা হবে যার সংক্ষিপ্ত তথ্য এখানে নীচে দেওয়া হয়েছে:–

| ক্রম নং | ঋণগ্রহীতা/সহ–ঋণগ্রহীতা/ জামিনদারগণ–এর নাম ও লোন অ্যাকাউন্ট নম্বর | জানা দায় (যদি থাকে) সমেত সুরক্ষিত পরিসম্পদের বিবরণ | বকেয়া অর্থাঙ্ক | সংরক্ষণ মূল্য / বায়না জমা | সম্পত্তি পরিদর্শনের তারিখ ও সময় | ই-নিলামের তারিখ ও সময় |
|---|---|---|---|---|---|---|
| (A) | (B) | (C) | (D) | (E) | (F) | (G) |
| ১ | সূর্য এন্টারপ্রাইজ (ঋণগ্রহীতা) বিশ্বজিৎ মান্না (জামিনদার ও বন্ধকদাতা) পারমিতা মান্না (সহ–আবেদনকারিণী) লোন অ্যাকাউন্ট নম্বর: 255405001619 | আর এস এবং এল আর দাগ নং ১৫৪২, হাল এল আর খতিয়ান নং ৫০১৬, সাবেক জে এল নং ১, হাল জে এল নং ১০১, মৌজা– বালিটিকুরি, হোল্ডিং নং ৩৯, মানিকপিরতলা ফার্স্ট বাই লেন, ওয়ার্ড নং ৪৯, হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশন, সাবেক থানা– জগাছা, হাল থানা– দাশনগর, ডিস্ট্রিক্ট সাব রেজিস্ট্রি অফিস– হাওড়া, অ্যাডিশনাল ডিস্ট্রিক্ট সাব রেজিস্ট্রি অফিস– ডোমজুড়, জেলা– হাওড়া, বাস্তু শ্রেণিভুক্ত জমির পরিমাপ ২ কাঠা ৩ ছটাক ২২ বর্গফুট, তৎসহ এর উপরিস্থিত দোতলা আবাসবাড়ি (জি+১), যার গ্রাউন্ড ফ্লোরের পরিমাপ ১১৪৪ বর্গফুট ও ফার্স্ট ফ্লোর ১২৮০ বর্গফুট (মোট ২৪২৪ বর্গফুট)। | ₹ ৫৯,০৮,৬০৭/– ২ ডিসেম্বর, ২০২৫ অনুযায়ী | ₹ ৫৫,৮০,০০০/– ; ₹ ৫,৫৮,০০০/– | ১২ ফেব্রুয়ারি, ২০২৬ সকাল ১১টা থেকে দুপুর ২টো | ২০ ফেব্রুয়ারি, ২০২৬ সকাল ১০টা ৩০ মিনিটে শুরু |

অনলাইন নিলাম প্রক্রিয়াটি আমাদের নিলাম এজেন্সি মেসার্স নেক্সজেন সলিউশনস প্রাইভেট লিমিটেড (ইউআরএল লিঙ্ক: https://disposalhub.com)–এর ওয়েবসাইটের মাধ্যমে আয়োজিত হবে। এতদ্দ্বারা সংশ্লিষ্ট বন্ধকদাতাগণ/ বিজ্ঞপ্তি গ্রহীতাগণকে ১৯ ফেব্রুয়ারি, ২০২৬ বিকেল ৫টার মধ্যে সম্পূর্ণ বকেয়া অর্থাঙ্ক সুদসমেত পরিশোধের জন্য শেষ সুযোগ দেওয়া হল, অন্যথায় নির্ধারিত সূচি অনুযায়ী এই সুরক্ষিত পরিসম্পদ বিক্রি করা হবে।
সম্ভাব্য ডাকদাতা(গণ)–কে অবশ্যই ওপরে উল্লিখিতমতো (ওপরের টেবিলের কলাম নং 'E' দ্রষ্টব্য) বায়না জমা বাবদ অর্থাঙ্ক (ইএমডি) ডিমান্ড ড্রাফ্‌ট (ডিডি) রূপে আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড, রিজিওনাল প্রসেসিং সেন্টার, বিপি–৪, টেকনোপলিস বিল্ডিং, ফ্লোর নং ১৩, সেক্টর ৫, সল্ট লেক, কলকাতা, পশ্চিমবঙ্গ–৭০০০৯১ ঠিকানাস্থিত অফিসে ১৯ ফেব্রুয়ারি, ২০২৬ বিকেল ৫টার মধ্যে জমা দিতে হবে এবং তার পরে সর্বশেষ ১৯ ফেব্রুয়ারি, ২০২৬ বিকেল ৫টার মধ্যে ওপরে লেখা ওয়েবসাইটে নিজেদের দরপ্রস্তাব ইএমডি জমার প্রমাণ হিসেবে ব্যাঙ্কের তরফে প্রাপ্তিস্বীকার করা ডিমান্ড ড্রাফ্‌টের স্ক্যান করানো কপি সমেত দাখিল করতে হবে। অনুগ্রহপূর্বক খেয়াল রাখবেন, সম্ভাব্য ডাকদাতা(গণ) ওয়েবসাইটের মাধ্যমে দরপ্রস্তাব জমা দিতে না পারলে টেন্ডার ডকুমেন্টের স্বাক্ষরিত কপি স্ক্যান করিয়ে সর্বশেষ ১৯ ফেব্রুয়ারি, ২০২৬ বিকেল ৫টার মধ্যে আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড, রিজিওনাল প্রসেসিং সেন্টার, বিপি–৪, টেকনোপলিস বিল্ডিং, ফ্লোর নং ১৩, সেক্টর ৫, সল্ট লেক, কলকাতা, পশ্চিমবঙ্গ–৭০০০৯১ ঠিকানায় জমা দিতে হবে। ইএমডি বাবদ অর্থাঙ্ক কোনও রাষ্ট্রায়ত্ত/ তফসিলভুক্ত ব্যাঙ্ক থেকে 'ICICI Bank Limited'–এর অনুকূলে Kolkata–তে প্রদেয় ডিমান্ড ড্রাফ্‌ট/ পে–অর্ডার রূপে জমা দিতে হবে।
সম্পত্তি পরিদর্শন, নিলামের শর্ত ও নিয়মাবলি অথবা টেন্ডার জমা দেওয়া সংক্রান্ত প্রশ্নের পরিষ্কার উত্তর পেতে অনুগ্রহপূর্বক আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড–এর প্রতিনিধির সঙ্গে ৯১৬৩৩৪৩৪৩৯ নম্বরে যোগাযোগ করবেন।
অনুগ্রহপূর্বক খেয়াল রাখবেন, মার্কেটিং এজেন্সি (১) মেসার্স ভ্যালু ট্রাস্ট ক্যাপিটাল সার্ভিসেস প্রাইভেট লিমিটেড এবং (২) গিরনারসফ্‌ট প্রাঃ লিঃ–কে এই সম্পত্তি বিক্রিতে সহায়তার কাজেও নিয়োজিত করা হয়েছে। কোনও কারণ না দেখিয়ে যে কোনও অথবা সমস্ত দরপ্রস্তাব বাতিল করার অধিকার অনুমোদিত আধিকারিকের থাকবে। বিক্রির শর্ত ও নিয়মাবলি বিশদে জানতে অনুগ্রহপূর্বক এই ওয়েবসাইট দেখুন: www.icicibank.com/n4p4s।

তারিখ: ১৩ জানুয়ারি, ২০২৬
স্থান: কলকাতা

অনুমোদিত আধিকারিক
আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড



**ডিআইসি ইন্ডিয়া লিমিটেড**
CIN: L24223WB1947PLC015202
নিবন্ধিত কার্যালয়: ইউবি ০৩, মনি টাওয়ার
৩১/৪১ বিনোবা ভাবে রোড, বেহালা, কলকাতা-৭০০০৩৮
ই–মেল আইডি: meghna.saini@dic.co.in ওয়েবসাইট: www.dic.co.in

**পোস্টাল ব্যালটের নোটিস**

এতদ্বারা **ডিআইসি ইন্ডিয়া লিমিটেড ("কোম্পানি")**-এর সদস্যদের জানানো যাচ্ছে যে, কোম্পানি আইন, ২০১৩-এর ১১০ নম্বর ধারা এবং ১০৮ নম্বর ধারা অনুযায়ী এই নোটিশ প্রদান করা হচ্ছে যা কোম্পানির (ম্যানেজমেন্ট অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেশন) রুলস, ২০১৪-এর নিয়ম ২০ এবং ২২ এবং সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশন, ২০১৫-এর রেগুলেশন ৪৪ অনুসরণ করে করা হয়েছে। ইনস্টিটিউট অফ কোম্পানিজ সেক্রেটারিজ অফ ইন্ডিয়া কর্তৃক জারিকৃত জেনারেল মিটিং সংক্রান্ত সেক্রেটারিয়াল স্ট্যান্ডার্ড-২ (এসএস-২) এবং সময় সময় সংশোধিত অন্যান্য নিয়মাবলী এখানে প্রযোজ্য, যা মিনিস্ট্রি অফ কর্পোরেট অ্যাফেয়ার্স কর্তৃক ৮ এপ্রিল ২০২০ থেকে ১৯ সেপ্টেম্বর ২০২৪ তারিখের মধ্যে জারিকৃত বিভিন্ন জেনারেল সার্কুলার (যৌথভাবে **এমসিএ সার্কুলার**) অনুযায়ী ই-ভোটিং প্রক্রিয়ার মাধ্যমে সদস্যদের অনুমোদন চাওয়া হচ্ছে।

**বিশেষ প্রস্তাবের বিবরণ: কোম্পানির একজন স্বতন্ত্র ডিরেক্টর হিসেবে মিঃ অভিজিৎ মুখার্জি (ডিন: ০৩৫৩৪১১৬)-এর নিয়োগ।**

এমসিএ সার্কুলার অনুযায়ী, কোম্পানি **১২ জানুয়ারি ২০২৬, সোমবার** বৈদ্যুতিন মোডের মাধ্যমে সেই সমস্ত সদস্যদের কাছে পোস্টাল ব্যালট নোটিশ এবং ব্যাখ্যামূলক বিবৃতি পাঠানোর কাজ সম্পন্ন করেছে যাদের নাম ০২ জানুয়ারি ২০২৬ (কাট-অফ তারিখ) শুক্রবার ব্যবসায়িক সময় শেষ হওয়ার পর সদস্যদের রেজিস্টারে নথিভুক্ত ছিল।

উক্ত নোটিশটি কোম্পানির ওয়েবসাইট (**https://dic.co.in/investors/corporate-news**), স্টক এক্সচেঞ্জ অর্থাৎ বিএসই লিমিটেড, ক্যালকাটা স্টক এক্সচেঞ্জ এবং ন্যাশনাল স্টক এক্সচেঞ্জ অফ ইন্ডিয়া লিমিটেড-এর ওয়েবসাইটে এবং এনএসডিএল-এর ওয়েবসাইটে (**www.evoting.nsdl.com**) পাওয়া যাবে।

সদস্যরা শুধুমাত্র রিমোট ই-ভোটিং প্রক্রিয়ার মাধ্যমে ভোট দিতে পারবেন। সদস্যদের ভোটাধিকার ০২ জানুয়ারি ২০২৬, শুক্রবার অর্থাৎ কাট-অফ ডেট অনুযায়ী তাদের হাতে থাকা কোম্পানির ইকুইটি শেয়ারের ভিত্তিতে গণনা করা হবে। সদস্যদের ই-ভোটিং সুবিধা প্রদানের উদ্দেশ্যে কোম্পানি ন্যাশনাল সিকিউরিটিজ ডিপোজিটরি লিমিটেড (**এনএসডিএল**)-এর পরিষেবা গ্রহণ করেছে।

রিমোট ই-ভোটিং শুরু **১৫ জানুয়ারি ২০২৬, বৃহস্পতিবার সকাল ০৯:০০ (ভাস)** থেকে এবং শেষ হবে **১৩ ফেব্রুয়ারি ২০২৬, শুক্রবার বিকাল ০৫:০০ (ভাস)** টায়। এরপর এনএসডিএল কর্তৃক ই-ভোটিং সুবিধাটি বন্ধ করে দেওয়া হবে। যেসব সদস্য বাস্তবিক মোডে শেয়ার ধারণ করছেন এবং যারা কোম্পানির কাছে তাদের ইমেল ঠিকানা আপডেট করেননি, তাদের সিবি ম্যানেজমেন্ট সার্ভিসেস প্রাইভেট লিমিটেড (আরটিএ)-কে **rta@cbmsl.com** ঠিকানায় লিখে ইমেল আপডেট করার জন্য অনুরোধ করা হচ্ছে। ডিম্যাট মোডে শেয়ার ধারণকারী সদস্যদের তাদের সংশ্লিষ্ট ডিপোজিটরি পার্টিসিপেন্টের কাছে ইমেল ঠিকানা নথিভুক্ত বা আপডেট করার জন্য অনুরোধ করা হচ্ছে।

পোস্টাল ব্যালট/ই-ভোটিং প্রক্রিয়াটি সুষ্ঠু ও স্বচ্ছভাবে পরিচালনা করার জন্য কোম্পানি করণ অরোরা অ্যান্ড অ্যাসোসিয়েটস-এর প্রোপ্রাইটর মিঃ করণ অরোরা-কে (আইসিএসআই সদস্য নম্বর ৪১৩৯১, সিওপি নম্বর ১৫৬০৪) পরীক্ষক হিসেবে নিয়োগ করেছে।

কোনও জিজ্ঞাস্য থাকলে আপনারা **www.evoting.nsdl.com**-এর ডাউনলোড সেকশনে শেয়ারহোল্ডারদের জন্য দেওয়া সচরাচর জিজ্ঞাসিত প্রশ্নাবলী (**এফএকিউএস**) এবং ই-ভোটিং ইউজার ম্যানুয়াল দেখতে পারেন অথবা ০২২-৪৮৮৬ ৭০০০ নম্বরে কল করতে পারেন।

এছাড়া আপনারা এনএসডিএল (এনএসডিএল)-এর সিনিয়র ম্যানেজার মিস পল্লবী মহাত্রে এবং/অথবা ডেপুটি ভাইস প্রেসিডেন্ট মিঃ অমিত বিশাল-কে **evoting@nsdl.com** ঠিকানায় অনুরোধ পাঠাতে পারেন।

পোস্টাল ব্যালটের ফলাফল **১৫ ফেব্রুয়ারি ২০২৬, রবিবারের** মধ্যে বা তার আগে ঘোষণা করা হবে । এই ফলাফল কোম্পানির নোটিশ বোর্ডে প্রদর্শন করা হবে এবং কোম্পানির ওয়েবসাইট **http://www.dicindia.co.in/** ও ন্যাশনাল সিকিউরিটিজ ডিপোজিটরি লিমিটেড (এনএসডিএল)-এর ওয়েবসাইট **www.evoting.nsdl.com**-এ আপলোড করা হবে । এছাড়াও এটি বিএসই লিমিটেড, ক্যালকাটা স্টক এক্সচেঞ্জ এবং ন্যাশনাল স্টক এক্সচেঞ্জ অফ ইন্ডিয়া লিমিটেড-কে জানানো হবে, যেখানে কোম্পানির শেয়ারগুলো তালিকাভুক্ত রয়েছে ।

**ডিআইসি ইন্ডিয়া লিমিটেড**-এর পক্ষে
স্বা/-
**মেঘনা সাইনি**
কোম্পানি সেক্রেটারি এবং
কমপ্লায়েন্স অফিসার
এ-৪২৫৮৭

স্থান: নয়ডা
তারিখ: ১২.০১.২০২৬